# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

**জনসংযোগ শাখা, চট্টগ্রাম**

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


তারিখ: ১৪.০২.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## চট্টগ্রামে এশিয়া আন্তর্জাতিক বাণিজ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে ডা. শাহাদাত হোসেন
## বড় ব্যবসায়ীরা নিজেদের ফায়দা নিতে গিয়ে অন্যদের ধ্বংস করেছে

বড় ব্যবসায়ীরা নিজেদের ফায়দা নিতে গিয়ে অন্য ব্যবসায়ীদের ধ্বংস করেছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, আজ বিভিন্ন কারণে ছোট মাঝারি ব্যবসায়িরা সমস্যায় পড়েছে। বড় বড় ব্যবসায়িরা তাদের ফায়দা নেওয়ার জন্য রাজনীতিকে ঢাল হিসেবে ব্যবহার করে ট্যাক্স মওকুফ করিয়েছে। তারা কমপ্রোমাইজ করেছে তাদের নিজেদের স্বার্থের জন্য। কিন্তু ছোট মাঝারি ব্যবসায়ীদের তারা ধ্বংস করে দিয়েছে গত ১৬ বছরে।তিনি শনিবার (১৫ ফেব্রুয়ারি) দুপুরে কাজীর দেউড়ী ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এশিয়া আন্তর্জাতিক বাণিজ্য মেলা বাংলাদেশ ২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

বাণিজ্য মেলার আয়োজক ও মিয়া ট্রেড ইন্টারন্যাশনালের ব্যবস্থাপনা পরিচালক মো. ইসহাক মিয়ার সভাপতিত্বে ও স্বপ্না জিমি ও শিশির চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর।

মেলায় ইন্ডিয়া, পাকিস্তান, থাইল্যান্ড, নেপাল, ইরান ও চায়না সহ দেশি বিদেশি দুই শতাধিক দোকান রয়েছে। ১৫ ফেব্রুয়ারী থেকে শুরু হয়ে ১ মার্চ পর্যন্ত মেলা চলবে। মেলার প্রবেশ টিকেট ২০ টাকা। সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত মেলা খোলা থাকবে।
চসিক মেয়র বলেন, চট্টগ্রাম অনেক পুরানো নগরী। এটা বাণিজ্যের জন্য প্রসিদ্ধ ছিল। এক সময় মায়ানমারের সঙ্গে চট্টগ্রামের একটা সংযোগ ছিল ব্যবসার। সেই ব্যবসাটা বাড়তে বাড়তে আন্তর্জাতিক অঙ্গনে চট্টগ্রামের সুনাম ব্যবসায়িকভাবে ছড়িয়েছে।
জিয়াউর রহমানের মুক্তবাজার অর্থনীতিতে ফিরতে হবে জানিয়ে মেয়র শাহাদাত বলেন, এ ধারা থেকে বেরিয়ে এসে মুক্তবাজার যে অর্থনীতি, যেটা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ১৯৭৫ সালের পরে তিনি উন্মুক্ত করেছেন। এবং যার ধারাবাহিকতায় অর্থনীতির জিডিপিতে, মানবসম্পদ, কৃষি এবং গার্মেন্টস সেকশনে † যে অভূতপূর্ব সাফল্য এসেছিল, সেই ধারায় আমাদের ফিরে যেতে হবে।
আজ চট্টগ্রাম বাণিজ্যিক নগরের পাশাপাশি পর্যটন নগরীও। কিন্তু সেটাকে আমরা সেভাবে ফোকাস করতে পারি নাই। এটাকে ফোকাস করতে হবে বলে জানান তিনি।
বিশেষ অতিথির বক্তব্যে আবুল হাশেম বক্কর বলেন, এই মেলা চট্টগ্রামে প্রথমবারের মতো হতে যাচ্ছে। এখানে বিভিন্ন দেশের ব্যবসায়ীরা অংশগ্রহণ করেছে। এর মধ্য দিয়ে প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভাতৃত্বের বন্ধন ও বাণিজ্যিক সম্পর্ক আরো সুদৃঢ় হবে। দেশে কঠিন এক সময় অতিক্রম করে আজকে আমরা এই পরিবেশে এসেছি। বর্তমান গণতান্ত্রিক পরিবেশে বাংলাদেশের অর্থনীতিকে সমৃদ্ধশালী করা ও উন্নয়নের ধারাবাহিকতায় অংশগ্রহণের জন্য সবাইকে আহ্বান জানাই। এতে বক্তব্য রাখেন পাকিস্তানের ব্যবসায়ী আফসা মনসুর, ভারতের ব্যবসায়ী মিরাজ কাশ্মীর, মেলা আয়োজক কমিটির সদস্য ফেরদৌস আহমেদ লিটন, এনায়েত হোসেন ফোরকান, জুনায়েদ আহমেদ, কোরআন তেলওয়াত করেন মো. কাউসার প্রমূখ।

## সড়ক নিরাপত্তা নিশ্চিতে রোড সেফটি সেল করবে চসিক

চট্টগ্রামে সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষায়িত সেল গঠন করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)। সড়ক নিরাপত্তা নিয়ে কাজ করা আন্তর্জাতিক সংস্থা গ্লোবাল রোড সেফটি পার্টনারশিপের (জিআরএসপি) প্রতিনিধি দলকে এ কথা বলেন চসিক মেয়র ডা. শাহাদত হোসেন।

জিআরএসপি'র সিনিয়র রোড পুলিশিং এডভাইজার পিটার জোনস ও এল স্টুয়ার্ট মেয়র শাহাদত হোসেনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। তারা এসময় চট্টগ্রামে তাদের কার্যক্রম সম্পর্কে মেয়রকে অবহিত করেন। ব্লুমবার্গ ফিলান্থ্রপিস ইনিশিয়েটিভ ফর গ্লোবাল রোড সেফটি (বিআইজিআরএস) এর আওতায় জিআরএসপি এ পর্যন্ত চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের ৩৩৮ জন কর্মকর্তাকে সড়ক নিরাপত্তার বিভিন্ন দিক নিয়ে প্রশিক্ষণ প্রদান করেছে। চট্টগ্রাম নগরীতে সড়ক দুর্ঘটনা কমাতে চসিকের নেওয়া বিভিন্ন উদ্যোগ সম্পর্কে তুলে ধরেন মেয়র শাহাদত হোসেন। তিনি বলেন, নগরীর ৩৬টি স্থানে ফুটওভার ব্রিজ ও জেব্রা ক্রসিং তৈরিতে কাজ করছে চসিক। সড়ক নিরাপত্তা কার্যক্রমকে আরও

গতিশীল করতে আলাদা একটি বিশেষায়িত সেল গঠনের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন তিনি। বৈঠকে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ তৌহিদুল ইসলাম, প্রধান প্রকৌশলী আবুল কাশেম, বিআইজিআরএস চট্টগ্রামের ইনিশিয়েটিভ কোওর্ডিনেটর লাবিব তাজওয়ান, সার্ভেইল্যান্স কোওর্ডিনেটর কাজী সাইফুন নেওয়াজ, এনফোর্সমেন্ট কোওর্ডিনেটর কাজী হেলাল উদ্দিন ও কমিউনিকেশন অফিসার মাহামুদুল হাসান উপস্থিত ছিলেন।

## রাষ্ট্রীয় পাটকল আমিন জুট মিলস পরিদর্শনে সিটি মেয়র ডাঃ শাহাদাত হোসেন

শুক্রবার চট্টগ্রামের ষোলশহরে অবস্থিত রাষ্ট্রীয় পাটকল আমিন জুট মিলসের কারখানা পরিদর্শন করেছেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। এ সময় আমিন জুট মিলসের প্রকল্প প্রধান এ এইচ এম কামরুল হাসান, নিরাপত্তা বিভাগীয় প্রধান আবদুল্লা আল মামুন ভূঁইয়া এবং শ্রম বিভাগীয় প্রধান মীর্জা কাইয়ুম মেয়রকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।মিল পরিদর্শনে মেয়র ডাঃ শাহাদাত হোসেন জানান, আমিন জুট মিলস লিমিটেড চট্টগ্রাম জেলায় অবস্থিত একটি ভারী শিল্প প্রতিষ্ঠান। এটি রাষ্ট্রায়ত্ত বাংলাদেশ পাটকল কর্পোরেশনের অধীনে ২৬টি মিলের মধ্যে চট্টগ্রাম অঞ্চলের ১০টি প্রতিষ্ঠানের অন্যতম প্রধান পাটকল। তিনি আরো বলেন, আমিন জুট মিলসে পলিথিনের বিকল্প হিসেবে ব্যাগ তৈরি করা সম্ভব হবে, যা পরিবেশবান্ধব ও অপচনশীল পলিথিনের ব্যবহার কমাতে সহায়ক হবে। এসময় আরো উপস্থিত ছিলেন জিয়াউর রহমান জিয়া, ফখরুল ইসলাম শাহীন, আকবর হোসেন মানিক, মোঃ আবদুল আউয়াল।

## **পুনঃনির্মিত হযরত গাউসল আজম (রঃ) জামে মসজিদের উদ্বোধন করেন সিটি মেয়র ডাঃ শাহাদাত হোসেন।**

চট্টগ্রামের হামজারবাগ কলোনীর মোমেনবাগ আবাসিক এলাকায় শুক্রবার হযরত গাউসল আজম (রঃ) জামে মসজিদের পুনঃনির্মিত ভবনের উদ্বোধন করেন মেয়র ডা. শাহাদাত হোসেন।

এসময় উপস্থিত ছিলেন মসজিদ কমিটির সভাপতি সৈয়দ মো: জালাল উদ্দীন আযাহারী, সাধারণ সম্পাদক মো: শামশুল আলম, মো: আবুল খায়র, যুগ্ম সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান সিপন, মো: আলি, কেশিয়ার নুরুল আবচার, সহ-সভাপতি মো: মন্জুর রহমান, রহমত উল্লাহ, আবদুর রহমান, সিনিয়র সহ-সভাপতি মো: ইউনুছ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮